

যুগান্তর

কক্সবাজারের উন্নয়নে ইউএনডিপি'র সহযোগিতার আশ্বাস

👤 কক্সবাজার প্রতিনিধি

🕒 ১৬ ফেব্রুয়ারি ২০২৩, ০৩:২৩:২৩ | [অনলাইন সংস্করণ](#)



কক্সবাজারে পরিকল্পিত উন্নয়ন ও পরিবেশ বান্ধব এবং জলবায়ু সহনীয় পরিকল্পনায় সহযোগিতা করার আশ্বাস দিয়েছে আন্তর্জাতিক সংস্থা ইউএনডিপি।

বুধবার (১৫ ফেব্রুয়ারী) দুপুরে কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের কার্যালয় পরিদর্শন শেষে চেয়ারম্যানের সাথে মতবিনিময়কালে এমন আশ্বাস প্রদান করেন ইউএনডিপি'র বাংলাদেশের আবাসিক প্রতিনিধি (আরআর) স্টেফান লিলার।

স্টেফান লিলারের নেতৃত্বে প্রতিনিধিদল দুপুর ২টায় কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের কার্যালয়ে পৌঁছলে কউক চেয়ারম্যান কমোডর মোহাম্মদ নুরুল আবছার তাদের স্বাগত জানান। প্রতিনিধি দলটি কউক অফিস পরিদর্শন শেষে এক মতবিনিময় সভায় মিলিত হন।

এ বিষয়ে কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান কমোডর মোহাম্মদ নুরুল আবছার বলেন, ইউএনডিপি প্রতিনিধিদের আলাপ কালে কক্সবাজারের সামাজিক অর্থনৈতিক উন্নয়ন, পরিবেশবান্ধব ইকো রিসোর্ট উন্নয়ন, কমিউনিটি নিয়ন্ত্রিত পর্যটন ব্যবস্থা, সমুদ্র পরিচ্ছন্নতা রাখা, ব্লু-ইকোনমি, জলবায়ু পরিবর্তন, মহেশখালী- কক্সবাজার সংযোগ সেতুসহ যোগাযোগ

ব্যবস্থার উন্নয়ন ও সুয়ারেজ ট্রিটমেন্ট প্ল্যান্ট নিয়ে কউকের পরিকল্পনা তাদের জানানো হয়।

এ ছাড়াও কউকের কক্সবাজারের উপকূলীয় অঞ্চলে স্মার্ট ইকো হাউস তৈরীর গবেষণা শুরু করেছে। সমুদ্র নিকটবর্তী মানুষের জীবন মান উন্নয়নে ও জলবায়ু সহনীয় গবেষণার বিস্তারিত তাদের জানানো হয়। একই সঙ্গে পর্যটন শহরের পর্যটনের উন্নয়নে এখানে পর্যটন সেবা সংশ্লিষ্ট কারিগরি ও প্রশিক্ষণমূলক স্কুল প্রতিষ্ঠার উদ্যোগও ইউএনডিপির প্রতিনিধিদের জানানো হয়।

সব শুনে প্রতিনিধিদলটি এসব প্রকল্পে এক সঙ্গে কাজ করার আশ্বাস দিয়েছেন। সংস্থাটি বাংলাদেশের আবাসিক প্রতিনিধি বিষয়টি সরেজমিনে পরিদর্শন করতে দ্রুত সময়ের মধ্যে আবারও কক্সবাজার আসবেন বলে সম্মতি জানিয়েছেন বলে জানান কউক চেয়ারম্যান।

মতবিনিময়কালে ইউএনডিপির সাব অফিস প্রধান রবার্ট স্টোয়েলম্যান, কারিগরি বিশেষজ্ঞ গবেষক মাইকেল ভন ট্যানজেন পেজ, কমিউনিটি সেফটি প্রোগ্রামের ম্যানেজার মাসুদ করিম, সিএক্সবি অপারেশন ইউনিটের কর্মকর্তা সাজাদ সিকদার, কউকের সদস্য প্রকৌশল লে. কর্ণেল খিজির খান, উপ নগর পরিকল্পনাবিদ তানভীর হাসান রেজাউল, অথরাইজ অফিসার রিশাদ উন নবী সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023